

মাদ্রাসার অধ্যক্ষসহ সব শিক্ষকের এমপিও বন্ধে শোকজ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:০০, ১৮ সেপ্টেম্বর ২০২৩



মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

পাবলিক পরীক্ষায় দায়িত্বে অবহেলার অভিযোগে বরগুনা জেলার আমতলী উপজেলার আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষসহ সব শিক্ষকদের এমপিও বন্ধে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে।

গত মে মাসের এই ঘটনার পর রবিবার (১৭ সেপ্টেম্বর) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এই নোটিশ পাঠায়।

নোটিশে বলা হয়েছে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে ২০২৩ সালের ১৭ মে দাখিল পরীক্ষার্থীদের 'কৃষি শিক্ষা' বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্রের স্থলে হল কর্তৃপক্ষ তাদের 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ের প্রশ্নপত্র বিতরণ করে, এই মর্মে একটি অভিযোগ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মাদ্রাসা শিক্ষা অধিদফতরে পাঠানো হয়। আপনাদের এহেন কর্মকাণ্ড 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)' এর ১৮.১ (গ) অনুচ্ছেদের পরিপন্থী।

মাদ্রাসা কর্তৃপক্ষের পাবলিক পরীক্ষায় দায়িত্বে অবহেলার কারণে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শিক্ষাজীবনে যে ক্ষতি সাধিত হয়েছে তার জন্য মাদ্রাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর এমপিও সাময়িক স্থগিত/স্থায়ীভাবে বন্ধের ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না সে মর্মে আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদফতরে মহাপরিচালক বরাবর জবাব দিতে হবে।